

যুগান্তর

শিক্ষামন্ত্রীর কাছে ৭০ পাতার নথি নিয়ে যাচ্ছেন আন্দোলনকারীরা

প্রকাশ : ০৮ নভেম্বর ২০১৯, ২২:৩৮ | অনলাইন সংস্করণ

জাবি প্রতিনিধি



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) অধিকতর উন্নয়ন প্রকল্পে দুর্নীতির অভিযোগের নথি নিয়ে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনির কাছে যাচ্ছেন আন্দোলনকারীরা।

শুক্রবার রাত সাড়ে ৮টার দিকে আন্দোলনকারী দুই শিক্ষক ছয় পাতার অভিযোগপত্র ও ৭০ পাতার নথি শিক্ষামন্ত্রীর একান্ত সচিবের কাছে জমা দেয়ার জন্য ক্যাম্পাস ত্যাগ করেন।

উপাচার্য অধ্যাপক ফারজানা ইসালামের অপসারণ দাবিতে চলমান আন্দোলনের

মধ্যে উপাচার্যের বিরুদ্ধে লিখিত অভিযোগ দিতে শিক্ষকদেরকে আহ্বান জানিয়েছিলেন শিক্ষামন্ত্রী।

সেই আহ্বানের প্রেক্ষিতে স্বশরীরে শিক্ষামন্ত্রীর কাছে অভিযোগ ও নথিপত্র দেয়ার জন্য দুইজন প্রতিনিধি পাঠানো হয়। এছাড়া ছয় পাতার অভিযোগপত্র ও ৭০ পাতার নথি শিক্ষামন্ত্রীর একান্ত সচিবের কাছে ই-মেইলযোগে পাঠানো হয়েছে।

এ বিষয়ে বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী প্রগতিশীল শিক্ষক সমাজের সাধারণ সম্পাদক অধ্যাপক খবির উদ্দিন বলেন, ছয় পাতার অভিযোগপত্র এবং সঙ্গে প্রায় ৭০ পাতার নথি সংযুক্ত করা হয়েছে। সেগুলো নিয়ে আন্দোলনকারী শিক্ষক অধ্যাপক তারেক রেজা ও খন্দকার হাসান মাহমুদ শিক্ষামন্ত্রীর একান্ত সচিব ড. আলিম খান কাছে জমা দেয়ার জন্য রওনা হয়েছেন। তার কাছেই এই অভিযোগসহ নথিগুলো জমা দেয়া হবে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।